# উপজেলা পরিষদ কার্যালয়

কলারোয়া, সাতক্ষীরা।

## উপজেলা পরিষদ সমন্বয় কমিটির সভার আগস্ট,২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

অধিবেশন নং- ৪৮/২০২৩

সভাপতি : জনাব আমিনুল ইসলাম লালটু
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কলারোয়া, সাতক্ষীরা।

সভার তারিখ : ২৩-০৮--২০২৩খ্রিঃ

সভার সময় : বেলা-১২.০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি ও অনুপস্থিত সদস্যগণের তালিকা : পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় এবং কারো কোন আপত্তি না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় উপজেলা কৃষি অফিসার ও উপজেলা প্রকৌশলী এ উপজেলায় নুতন যোগদান করায় তারা নিজেদের পরিচয় প্রদান করেন। অতঃপর আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্য বিষয় :

পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কারো কোন সংশোধনী বা সংযোজন বা আপত্তি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ও অনুমোদিত হয়।

আলোচ্য বিষয় : ০২

| ক্র/নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | স্থায়ী (উপজেলা) কমিটির সভা সংক্রান্ত : উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্থায়ী (উপজেলা) কমিটিগুলো পুনর্গঠন করা হয়েছে এবং কমিটিগুলোরও নিয়মিত সভা অনুষ্ঠিত হচ্ছে। নিয়মিত সভা করে তার কার্যবিবরণী প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | ১) স্থায়ী (উপজেলা) কমিটিগুলোকে প্রতি দুই মাসে নূন্যতম একবার সভা করে কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হয়। | ১) সভাপতি, স্থায়ী (উপজেলা) কমিটি (সকল)<br>২) সদস্য সচিব, স্থায়ী (উপজেলা) কমিটি (সকল)। |

আলোচ্য বিষয় : ০৩

বিভিন্ন দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা :

| ক্র/নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **পৌরসভার কার্যক্রম :** মেয়র, কলারোয়া পৌরসভা সভায় অনুপস্থিত থাকায় তাদের বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | মেয়র, কলারোয়া পৌরসভাকে সভায় উপস্থিত থাকাসহ বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১) মেয়র, কলারোয়া পোরসভা, কলারোয়া। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কলারোয়া এর প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছে। তিনি প্রত্যেককে প্রত্যেক চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট ইউপি সদস্যকে স্ব স্ব এলাকায় ব্যাপক প্রচারসহ ডেঙ্গু আক্রান্ত হলে সঙ্গে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ স্থানীয় ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগ করার জন্য অনুরোধ জানান। এক সংগে রোগি বেশী এলে সার্ভিস দেওয়া কষ্টকর হয়ে পড়ে। তাই জরুরী বিভাগের পার্শ্বে পৃথক বেড এর ব্যবস্থা করতে হবে। ইহা ব্যতিত বিভাগীয় কাজে কোন সমস্যা নেই। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় আলোচনান্তে যেহেতু বর্তানে করোনার প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছে, তাই সংশ্লিষ্ট সকলকে করোনা পরিস্থিতি মোকাবেলায় অধিকতর সচেতনসহ মাস্ক ব্যবহার করতে হবে, জনসচেতনতা বৃদ্ধি করতে হবে, জনসমাগম কমাতে হবে এবং করোনা সংক্রান্ত যাবতীয় আইন মেনে চলতে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তাদের বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান-----(সকল)<br>২) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কলারোয়া। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ দপ্তর : উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, চলতি মাসে গবাদি পশু ও, হাসমুরগীর টিকা প্রদান করা হয়েছে। গবাদি পশুর চিকিৎসা, হাঁস মুরগীর চিকিৎসা করা হয়েছে। কৃত্রিম প্রজনন বাচ্চা উৎপাদন, গাভীর খামার স্থাপন, ছাগলের খামার স্থাপন, মুরগীর খামার স্থাপন, হাসেঁর খামরর স্থাপন, ঘাস চাষ করা হয়েছে। বিভাগীয় কাজে কোন সমস্যা নেই। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১) উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কলারোয়া,সাতক্ষীরা |

চলমান পাতা-০২

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **উপজেলা কৃষি দপ্তর :** উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তাদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বিভাগীয় কার্যক্রমে কোন সমস্যা নেই । | বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, কলারোয়া, সাতক্ষীরা। |
| ০৫ | **উপজেলা প্রকৌশলীর দপ্তর :** উপজেলা প্রকৌশলী, কলারোয়া সভায় জানান যে, গত ০১/০৬/২০২৩খ্রি: তারিখ মাননীয় মন্ত্রী তাজুল ইসলাম এমপি মহোদয় কর্তৃক এ উপজেলার মান নিয়ন্ত্রন ল্যাবরেটরি ভার্চুয়াল উদ্বোধন করেন। উক্ত মান নিয়ন্ত্রন ল্যাবরেটরির কার্যক্রম পরিচালনার জন্য নির্দিষ্ট কোন রুম বরাদ্দ না থাকায় কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছেনা । তাই উপজেলায় নুতন গ্যারেজ ভবনের ০১(এক)টি কক্ষ মান নিয়ন্ত্রন ল্যাবরেটরির কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন। তিনি আরও জানান যে, কক্ষ বরাদ্দ প্রদান করা হলে কক্ষ মেরামত পূর্বক ব্যবহার যোগ্য করাসহ যাবতীয় উদ্যোগ তার কার্যালয় হতে গ্রহণ করা হবে। ইহা ব্যতিত তাদের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বিভাগীয় কার্যক্রমে কোন সমস্যা নেই । | সভায় আলোচনান্তে যেহেতু উপজেলা মান নিয়ন্ত্রন ল্যাবরেটরির কার্যক্রম পরিচালনার জন্য নির্দিষ্ট কোন রুম বরাদ্দ নাই, তাই উক্ত কার্যক্রম পরিচালনার উপজেলায় নুতন গ্যারেজ ভবনের ০১(এক)টি কক্ষ ব্যবহারের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় । বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | |
| ০৬ | **উপজেলা মৎস্য দপ্তর :** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কলারোয়া সভায় জানান যে, তাঁর বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। হয়। | ১) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কলারোয়া। |
| ০৭ | **উপজেলা সমাজসেবা দপ্তর :** উপজেলা সমাজসেবা অফিসার, কলারোয়া সভায় জানান যে, চলতি মাসে বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতাসহ অন্যান্য ভাতা প্রদানের কার্যক্রম অব্যাহত আছে এবং ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া ও জন্মগত হৃদরোগীদের এক কালীন ৫০,০০০/- টাকা আর্থিক সহায়তার অর্থ বিতরণের কার্যক্রম চলমান আছে। ইহা ব্যতীত তাঁর বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে। | সভায় উপস্থিত হওয়াসহ বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। হয়। | ১)উপজেলা সমাজসেবা অফিসার, কলারোয়া, সাতক্ষীরা। |
| ০৮ | **পরিবার পরিকল্পনা দপ্তর :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, জুলাই/ ২০২৩মাসে মোট সক্ষম দম্পতি- ৫২৯৫০ জনের মধ্যে ৪১৫৯০জন পরিবার পরিকল্পনা গ্রহণ করেন। অগ্রগতির হার ৭৮.৫৫%। স্থায়ী পদ্ধতি গ্রহণ করেন-০৯জন, আই ইউডি-০৭ জন এবং ইমপ্ল্যান্ট-৩৩ জন। অস্থায়ী পদ্ধতির মধ্যে খাবার বড়ি গ্রহণ করেন- ১৭৯৮৭ জন, কনডম গ্রহণ করেন- ৬১৮২জন এবং ইনজেকশন গ্রহণ করেন- ৯৮১৩জন। অপরদিকে শিশু সেবা প্রাপ্তের সংখ্যা- ১৬৯৫ জন, গর্ভবতী মায়ের যত্ন নেয়- ৬৮৫জন এবং গর্ভোত্তর যত্ন-২৪৪ জন এবং সাধারণ রোগীর সেবা নেন-৫৫৯৩জন। ইহা ব্যতীত দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার,কলারোয়া, সাতক্ষীরা |
| ০৯ | **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের বিভাগীয় কাজে কোন সমস্যা নেই, কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে । | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কলারোয়া, সাতক্ষীরা। |
| ১০ | **জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর :** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে, তার বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে । | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কলারোয়া । |
| ১১ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর :**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলারোয়া সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ০১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলারোয়া। |
| ১২ | **উপজেলা শিক্ষা দপ্তর :** উপজেলা শিক্ষা অফিসার সভায় অনুপস্থিত থাকায় ,তার দপ্তরের বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় উপস্থিতিসহ বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১) উপজেলা শিক্ষা অফিসার, কলারোয়া। |

চলমান পাতা-০৩

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৩ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় ,তার দপ্তরের বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় উপস্থিতিসহ বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কলারোয়া। |
| ১৪ | **উপজেলা সমবায় দপ্তর :** উপজেলা সমবায় অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় উপস্থিতিসহ বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। হয়। | উপজেলা সমবায় অফিসার, কলারোয়া। |
| ১৫ | **উপজেলা যুব উন্নয়ন দপ্তর :** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে তাঁর দপ্তরের দাপ্তরিকসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কলারোয়া। |
| ১৬ | **উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর:** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে । | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কলারোয়া। |
| ১৭ | **উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর :** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় ,তার দপ্তরের বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় উপস্থিতিসহ বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কলারোয়া, সাতক্ষীরা |
| ১৮ | **উপজেলা নির্বাচন দপ্তর :** উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা | বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, কলারোয়া, সাতক্ষীরা। |
| ১৯ | **উপজেলা পরিসংখ্যান দপ্তর :** উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় সভায় অনুপস্থিত থাকায় ,তার দপ্তরের বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় উপস্থিতিসহ বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কলারোয়া, সাতক্ষীরা |
| ২০ | **উপজেলা হিসাব রক্ষণ দপ্তর :** উপজেলা হিসাব রক্ষণ অফিসার সভায় জানান সভায় অনুপস্থিত থাকায় ,তার দপ্তরের বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় উপস্থিতিসহ বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কলারোয়া, সাতক্ষীরা |
| ২১ | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তর :** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কলারোয়া সভায় অনুপস্থিত থাকায় ,তার দপ্তরের বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় উপস্থিতিসহ বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কলারোয়া, সাতক্ষীরা। |
| ২২ | **সাব-রেজিস্ট্রার:** সাব-রেজিজস্ট্রার, কলারোয়া সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কিছুই আলোচনা করা সম্ভব হয়নি। | সাব-রেজিস্ট্রার, কলারোয়াকে সভায় উপস্থিত থাকাসহ বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, কলারোয়া, সাতক্ষীরা |
| ২৩ | **আমার বাড়ি আমার খামার প্রকল্প দপ্তর :** উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প সভায় জানান যে, তাঁর বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমন্বয়কারী,আমার বাড়ি আমার খামার প্রকল্প, কলারোয়া, |
| ২৪ | **পল্লী দারিদ্র বিমোচন দপ্তর :** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় বার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার, কলারোয়া। |
| ২৫ | **উপজেলা বন বিভাগ :** ফরেষ্টার, সামাজিক বনায়ন, কলারোয়া সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ফরেষ্টার, সামাজিক বিভাগ, কলারোয়া |
| ২৬ | **পল্লী বিদ্যুৎ বিভাগ :** ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কলারোয়া সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কিছুই আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় উপস্থিতিসহ বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ডেপুটি জেনা ম্যানেজার, প কলারোয়া জে অফিস। |

চলমান পাতা-০৪

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৭ | **ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম :** ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | সকল মসজিদে সামাজিক দূরত্ব বজায় রেখে পাঁচ ওয়াকত নামাজ পালন করার জন্য সকল মসজিদের ইমামকে অবহিত করার পরামর্শ প্রদান করেন। | ১) ইসলামিক ফাউন্ডেশন, ২) চেয়ারম্যান,সকল ইউপি |
| ২৮ | **বি এ ডিসি এর কার্যক্রম :** সভায় উপ-সহকারী প্রকৌশলী, বি এ ডি সি সেচ, সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে কিছুই আলোচনা করা সম্ভব হয়নি। | সভায় উপস্থিতিসহ বিভাগীয়/ দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপসহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, কলারোয়া ইউনিট। |
| ২৯ | **ফায়ার সার্ভিস এর কার্যক্রম:** স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন কলারোয়া সভায় জানান যে, তাদের বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে, কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১) স্টেশন অফিসার ফায়ার সার্ভিস, কলারোয়া |
| ৩০ | **তথ্য আপা (২য় পর্যায়) প্রকল্পের কার্যক্রম:** তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) সভায় জানান যে, তার বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে, কোন সমস্যা নেই। | বিভাগীয়/দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১) তথ্যসেবা কর্মকর্তা , কলারোয়া |

**আলোচ্য বিষয় :-০৪ । :** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প সংক্রান্ত। — উপজেলা প্রকৌশলী, কলারোয়া ।

০১ সভায় উপজেলা প্রকৌশলী, কলারোয়া কর্তৃক উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরের জন্য উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে নির্বাচিত ৪০.০০(চল্লিশ লক্ষ) (ভ্যাট ও আইটি ব্যতীত) টাকার নিম্নোক্ত ১ টি অবকাঠামো উপ-প্রকল্প সমূহ উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বিভাগ | প্রাক্কলণ (ভ্যাট ও আইটি ব্যতীত |
|---|---|---|---|
| ১. | হঠাৎগঞ্জ মাধ্যমিক বিদ্যালয় ও হেলাতলা আইডিয়াল মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণীকক্ষ নির্মাণ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | ৪০.০০ লক্ষ |

সভায় উপজেলা প্রকৌশলী এর প্রস্তাব মতে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে প্রকল্প সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং পরবর্তী ব্যবস্থা গ্রহনের গৃহীত হয়।

**আলোচ্য বিষয় :-০৫ ( বিবিধ ) । :** (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল )। — উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া ।

| | | | |
|---|---|---|---|
| ০১ | সভায় জানান হয় যে, বর্ষা মৌসুমে ডেঙ্গুর প্রভাব বৃদ্ধি পেয়েছে । তাই উপজেলা পরিষদের অভ্যন্তরে বর্জ্য অপসারণ করা একান্ত প্রয়োজন হওয়ায় তাৎক্ষনিক ভাবে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে বর্জ্য ব্যবস্থাপনা/ পরিস্কার পরিচ্ছন্নতা খাতে প্রতি বছর ১,০০,০০০/- টাকা খরচ করার বিধান থাকায় ডেঙ্গুর প্রভাব রোধ কল্পে স্থানীয় ভাবে শ্রমিক মজুরীর মাধ্যমে উপজেলা পরিষদের মধ্যস্থিত বর্জ্য অপসারণ করা হয়েছে । এক্ষনে এ সভায় উক্ত টাকার ব্যয়োত্তর মঞ্জরী প্রয়োজন। | সভায় আলোচনান্তে যেহেতু স্থানীয় ভাবে শ্রমিক নিয়োগের মাধ্যমে উল্লিখিত খাতের টাকা ইতোমধ্যে ডেঙ্গুর প্রভাব রোধ কল্পে ব্যয় করা হয়েছে তাই উক্ত টাকার ব্যয়োত্তর মঞ্জুরী সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদতি হয়। | |
| ০২ | সভায় জানান হয় যে, উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহৃত ২০টি চেয়ার, ১৫টি টেবিল, ১০টি আলমারী ও ছোট/বড় ১৩টি র‍্যাক ব্যবহার অনুপযোগী হওয়ায় অফিস কার্যাদি সম্পন্নের লক্ষ্যে জরুরী প্রয়োজনে তাৎক্ষনিক ভাবে মেরামত করা হয়েছে। যার আনুমানিক মজুরীসহ ব্যয় হয়েছে ১,০০,০০০/- টাকা । উক্ত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আসবাবপত্র মেরামত খাত হতে তাৎক্ষনিক ভাবে খরচ করা হয়েছে। এক্ষনে এ সভায় উক্ত টাকার ব্যয়োত্তর মঞ্জরী প্রয়োজন। | সভায় আলোচনান্তে যেহেতু স্থানীয় ভাবে জরুরী প্রয়োজনে উল্লিখিত খাতের ১,০০,০০০/- টাকা ইতোমধ্যে ব্যয় করা হয়েছে তাই উক্ত টাকার ব্যয়োত্তর মঞ্জুরী সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদতি হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া । |
| ০৩ | সভায় জানান হয় যে, উপজেলা পরিষদ কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহারের জন্য অফিসের জরুরী প্রয়োজনে প্রকাশনা বাবদ ফাইল কভার ও বোর্ড ২০০০টি এবং খাম-১০,০০০টি তাৎক্ষনিক ভাবে প্রকাশনা করা হয়েছে। যার আনুমানিক মজুরীসহ ব্যয় হয়েছে ১,০০,০০০/- টাকা । উক্ত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের প্রকাশনা খাত হতে তাৎক্ষনিক ভাবে খরচ করা হয়েছে। এক্ষনে এ সভায় উক্ত টাকার ব্যয়োত্তর মঞ্জরী প্রয়োজন। | সভায় আলোচনান্তে যেহেতু স্থানীয় ভাবে উপজেলা পরিষদের জরুরী প্রয়োজনে উল্লিখিত খাতে ১,০০,০০০/- টাকা ইতোমধ্যে ব্যয় করা হয়েছে তাই উক্ত টাকার ব্যয়োত্তর মঞ্জুরী সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদতি হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া । |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৪ | সভায় জানান হয় যে, উপজেলা পরিষদ কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহার অনুপযোগী কম্পিউটার মেরামত সহ অন্যান্য সামগ্রী স্থানীয়ভাবে অফিসের কার্যাদি সম্পন্নের নিমিত্ত জরুরী প্রয়োজনে তাৎক্ষনিকভাবে ক্রয় করা হয়েছে। যার মজুরীসহ মোট ১,০০,০০০/- টাকা ব্যয় করা হয়েছে। উক্ত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অফিস সরঞ্জামাদি ক্রয় /মেরামত খাত হতে তাৎক্ষনিক ভাবে খরচ করা হয়েছে। এক্ষনে এ সভায় উক্ত টাকার ব্যয়োত্তর মঞ্জরী প্রয়োজন। | সভায় আলোচনান্তে যেহেতু স্থানীয় ভাবে উপজেলা পরিষদের জরুরী প্রয়োজনে উল্লিখিত খাতে ১,০০,০০০/- টাকা ইতোমধ্যে ব্যয় করা হয়েছে তাই উক্ত টাকার ব্যয়োত্তর মঞ্জুরী সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদতি হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া। |
| ০৫ | সভায় জানান হয় যে, ০১) জনাব শাহাজান সরদার, পিতা-মৃত স্বরুপ সরদার, সাং- মুরারীকাটি, থানা- কলারোয়া, জেলা-সাতক্ষীরা। ০২) মো: রুহল কুদ্দুস পিতা- মৃত সামছুর রহমান, সাং- মির্জাপুর, থানা- কলারোয়া, জেলা-সাতক্ষীরাদ্বয়ের জ্বরসহ ডেঙ্গুতে আক্রমন করায় তারা গরীব অসহায় ব্যক্তি হওয়ায় চিকিৎসা করানোর মত কোন টাকা পয়সা না থাকায় তাদের চিকিৎসা করানোর জন্য ৪০,০০০/৪৫,০০০/- টাকা করে খরচ হবে মর্মে উল্লেখ করত: চিকিৎসা বাবদ আর্থিক সাহায্য চেয়ে পৃথক পৃথক আবেদন করেছেন। এ সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় আলোচনান্তে যেহেতু উল্লিখিত ব্যক্তিদ্বয়ের চিকিৎসার জন্য আর্থিক সাহায্য চেয়ে আবেদন করেছেন, তাই মানবিক কারণে জরুরী প্রয়োজনে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে প্রত্যেকের অনুকুলে ৩০,০০০/- টাকা করে চিকিৎসা বাবদ আর্থিক অনুদান হিসাবে প্রদান করার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া |
| ০৬ | জনাব মো: আমানুর ইসলাম, পিতা- মৃত নবাব আলী, সাং- ঝিকরা, থানা- কলারোয়া,জেলা- সাতক্ষীরা কর্তৃক তার বসবাসকৃত ঘরটি অতি বর্ষণে ভেঙ্গে পড়ায় উক্ত ঘরটি মেরামত বাবদ ৫০,০০০/- টাকা আর্থিক সাহায্য চেয়ে আবেদন করেন। তিনি অতিশয় একজন গরীব ও অসহায় শ্রমিক ব্যক্তি। তিনি পরের জমিতে মজুরী দিয়ে শ্রমিক হিসাবে অর্থ উপার্জন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় আলোচনান্তে যেহেতু উল্লিখিত ব্যক্তি একজন গরীব ও অসহায়, শ্রমিক, পরের জমিতে শ্রমিক হিসাবে কাজ করেন। তাই মানবিক কারণে জরুরী প্রয়োজনে তার বসবাসের ঘরটি মেরামত বাবদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে তার অনুকুলে ৪০,০০০/- টাকা আর্থিক অনুদান হিসাবে প্রদান করার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।। | উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া |
| ০৭ | সভায় উপজেলা প্রকৌশলী, কলারোয়া জানান যে, কলারোয়া জিসি- গয়ড়া জিসি চেই: ৭১২০ মি: সড়কে ৬০০X৬২৫ ইউ-ড্রেন কালভার্টটি PIC কমিটির মাধ্যমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে স্থানীয় জনগনের চলাচল/যাতায়াতের সুবিধার্থে জরুরী ভিত্তিতে স্থাপন করা প্রয়োজন। যার আনুমানিক ব্যয় হবে ২.০০ লক্ষ টাকা। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় আলোচনান্তে কলারোয়া জিসি- গয়ড়া জিসি চেই: ৭১২০ মি: সড়কে ৬০০X৬২৫ ইউ-ড্রেন কালভার্টটি নিম্নবর্ণিত PIC কমিটির মাধ্যমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার স্থাপন করার সিদ্ধান্ত সর্বসম্মতিকব্রমে গৃহীত ও অনুমোদিত হয়।<br>০১) নাজমা বেগম- ইউপি সদস্য , সোনাবাড়িয়া ইউপি ও প্রকল্প সভাপতি<br>০২) কবিরুল ইসলাম- সদস্য সচিব<br>০৩) মফিজুল ইসলাম- সদস্য<br>০৪) শফিকুল ইসলাম- সদস্য<br>০৫) মোছা: রেখা খাতুন- সদস্য<br>০৬) মোছা: দিলরুবা খাতুন- সদস্য<br>০৭) আবির হোসেন- সদস্য | উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া/ উপজেলা প্রকৌশলী, কলারোয়া। |
| ০৮ | সভায় উপজেলা প্রকৌশলী, কলারোয়া জানান যে, সম্প্রতি অতিবৃষ্টিতে নিম্নবর্ণিত রাস্তার পাড় ভেঙ্গে ও রাস্তা ধ্বসে " কলারোয়া তুলশীডাঙ্গা-কুশোডাঙ্গা ইউপি অফিস- শাকদাহ বাজার " ( আইডি ২৮৭৪৩৩০০৯), দৈর্ঘ্য ৮.১৯ কিলোমিটার রাস্তার বিভিন্ন অংশ ক্ষতিগ্রস্থ হওয়ায় অতিজনগুরুত্বপূর্ণ এই রাস্তাটি জনস্বার্থে জরুরী ভিত্তিতে মেরামত/.সংস্কার করা একান্ত প্রয়োজন। উক্ত রাস্তাটির বিভিন্ন চেইনেজে মেরামতের নিমিত্ত ২.০০ লক্ষ টাকা ব্যয় হবে। যা PIC কমিটির মাধ্যমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়িত টাকা প্রদান করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় আলোচনান্তে "কলারোয়া তুলশীডাঙ্গা-কুশোডাঙ্গা ইউপি অফিস- শাকদাহ বাজার"যার দৈর্ঘ্য ৮.১৯ কিলোমিটার ক্ষতিগ্রস্থ রাস্তাটির বিভিন্ন অংশ জনস্বার্থে জরুরী ভিত্তিতে মেরামত/.সংস্কার করার নিমিত্ত নিম্নবর্ণিত PIC কমিটির মাধ্যমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।<br>০১) মো: তাইজুল ইসলাম- ইউপি সদস্য , হেলাতলা ও প্রকল্প সভাপতি।<br>০২) মো: আবু ছায়েম- সদস্য সচিব<br>০৩) মো: আবু বকর সিদ্দিকী- সদস্য<br>০৪) মোছা: শারমিন আক্তার- সদস্য<br>০৫) মো: মোশারফ আলী- সদস্য<br>০৬) মো: দুলাল হোসেন- সদস্য<br>০৭) মো: আবুল কাশেম- সদস্য | উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া/ উপজেলা প্রকৌশলী, কলারোয়া। |

CS CamScanner

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপজেলা পরিষদের সকল কর্মকর্তাকে সময়মত অফিসে উপস্থিত এবং জনগণের প্রয়োজনীয় সেবা প্রদানের অনুরোধ জানিয়ে এবং **উপজেলা পরিষদের সভায় উপস্থিত থেকে** বিভাগীয় কার্যক্রমের ধারা অবহিত করার জন্য অনুরোধ করা হয়। অন্যথায় যে সকল কর্মকর্তা/ চেয়ারম্যানগণ সভায় অনুপস্থিত আছেন, তাদের বিরুদ্ধে বিভাগীয় কার্যক্রম গ্রহণ করার জন্য উর্দ্ধতন কর্মকর্তা বরাবরে পত্র দেয়া হবে মর্মে জানিয়ে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৩/০৮/২৩

(আমিনুল ইসলাম লাল্টু)
চেয়ারম্যান উপজেলা পরিষদ
কলারোয়া, সাতক্ষীরা।
ফোন-০২৪৭৭-৭৪৩৩০৩(অফিস)
ই-মেইল: laltuislam87@gmail.com

স্মারক নং-৪৪.৮৭৪৩.০০০.০১১.০২.২০২২- ১১৮৭

তারিখ: ২৩ /০৮/২০২৩খ্রি:।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে /কার্যার্থে। (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

(০১) জনাব মুস্তফা লুৎফুল্লাহ, মাননীয় সংসদ সদস্য, ১০৫ সাতক্ষীরা-১।

(০২) জেলা প্রশাসক, সাতক্ষীরা।

(০৩) মেয়র, কলারোয়া পৌরসভা, সাতক্ষীরা।

(০৪) ভাইস-চেয়ারম্যান/ ভাইস-চেয়ারম্যন (মহিলা), উপজেলা পরিষদ, কলারোয়া, সাতক্ষীরা।

(০৫) উপজেলা ....................................................,অফিসার (সকল), কলারোয়া, সাতক্ষীরা।

(০৬) চেয়ারম্যান, ..................................................,ইউনিয়ন পরিষদ (সকল), কলারোয়া, সাতক্ষীরা।

(০৭) উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সাতক্ষীরা।

(০৮) ডেপুটি জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, কলারোয়া জোনাল অফিস, সাতক্ষীরা।

(০৯) স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, কলারোয়া, সাতক্ষীরা।

(১০) উপ সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) বিএডিসি,কলারোয়া, সাতক্ষীরা।

(১১) উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কলারোয়া, সাতক্ষীরা।

(১২) শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কলারোয়া শাখা, সাতক্ষীরা।

(১৩) ফরেস্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, কলারোয়া, সাতক্ষীরা।

(১৪) তথ্য সেবা কর্মকতা, তথ্য আপা (২য় পর্যায়) প্রকল্প, কলারোয়া, সাতক্ষীরা।

(১৫) জনাব .......................................................................... কলারোয়া, সাতক্ষীরা।

২৩/০৮/২৩

(রুলী বিশ্বাস )
উপজেলা নির্বাহী অফিসার
কলারোয়া, সাতক্ষীরা।
ফোন-০২৪৭৭-৭৪৩২১১ (অফিস)
ই-মেইল: unokalaroa@mopa.gov.bd



CamScanner